

হাসির ময়নাতদন্ত

রফিকুল নাজিম

শব্দকথা

সূচিপত্র

হাসির ময়নাতদন্ত	৯	প্রেমিক বলতে তোমাকেই...	৩৪
হাওয়াদের সংবাদ পাঠ	১০	দুঃখ দেয়ার মানুষ লাগে	৩৫
কালিন্দীর ঘাটে	১১	মাঝি	৩৬
কথার মৃত্যুতে কেউ...	১২	বৃষ্টির জলে ছুঁই	৩৭
আমাদের মা ও একজন...	১৩	মিথ্যা তুমি দশ পিঁপড়া	৩৮
গৃহত্যাগী জোছনা...	১৪	বনসাই মানুষ	৩৯
ছায়াবীথি	১৫	দীপেন স্যার ও...	৪০
একদিন চট করে বদলে যাবো	১৬	আমারও যন্ত্রণা হয়	৪১
মানুষ এক পরিযায়ী পাখির...	১৭	আদিম আগুন	৪২
আগুন ও পিপীলিকার কাব্য	১৮	ষন্ডা-গুন্ডার প্রেম ও...	৪৩
তোমার খুব গুশ্ফা প্রয়োজন	১৯	চোখের জলে ব্যথা মোছে	৪৪
কেউ জানে না	২০	বৃষ্টির ক্রোড়পত্র	৪৫
ক্ষুধা, চাঁদ ও নিঃসঙ্গ ঈশ্বর	২১	পুনর্জন্ম	৪৬
জোছনা ও মন ছোঁয়ার বিদ্যা	২২	আমি বড্ড বেমানান	৪৭
হাসনাহেনা ফুলের ঘ্রাণ...	২৩	হাওয়া মে উড়তা যায়ে	৪৮
স্মৃতিহত্যা	২৪	বেঁচে থাকার স্বতসিদ্ধ সূত্র	৪৯
দুর্বোধ্য শিলালিপি	২৫	বিষপিঁপড়া ও পুঁইলতা	৫০
দুঃখগুলো আগাছার মতো...	২৬	ভুইল্লা যাওন সহজ না	৫১
প্রেম ও গাণিতিক প্রক্রিয়া	২৭	ভালোবাসা তুই কেমন আছিস	৫২
একখণ্ড অখণ্ড আকাশ	২৮	পাতা পতনের শব্দ	৫৩
খবর দিয়ে	২৯	চুপ নিশিতে কে যেন ডাকে	৫৪
নিঃসম্মতবিশ্বের মায়াব্যঞ্জন...	৩০	ঝরা পাতার গান	৫৫
মন ও পোড়া ভাতের গন্ধ	৩১	দাবাড়ু	৫৫
বাবুই পাখির বাসা	৩২	সূর্যগন্ধা মেঘ	৫৬
বুকের ভেতর কথা জমাই	৩৩	পাখির জীবন চাই	৫৬

তবুও নদী মরা	৫৭	ঠিকানা	৬৮
পেছন থেকে ডাকলে যদি...	৫৮	সশস্ত্র-নিরস্ত্র	৬৯
থেকে যাওয়ার ছল	৫৯	অভিশাপ দিচ্ছি	৭০
ভালো থেকে	৫৯	লুকোচুরি-২	৭১
প্রেম এক দুরারোগ্য ব্যাধি	৬০	সেই ছেলেটার প্রেম হলো না	৭২
কালো জাদু	৬০	সুখরঞ্জন	৭৩
পরিয়ানী পাখি	৬১	বিষদাঁত	৭৪
পাতা বরণের উৎসব	৬২	একদিন আমরা	৭৫
সূর্যস্নান	৬৩	জঞ্জাল আক্ষেপ	৭৬
হাতি ও পিঁপড়ার গল্প	৬৪	তুমি দুঃখ না দিলে	৭৭
আক্ষেপ	৬৫	চক্রবৃদ্ধি হারে বেদনা বাড়ে	৭৮
নিঃসঙ্গ হিজল গাছ ও...	৬৬	ঘৃণা ও পারমাণবিক বোমা	৭৯
আটপৌরে নারী ও...	৬৭	বিরামচিহ্ন	৮০

কথার মৃত্যুতে কেউ ইন্নালিল্লাহ পড়ে না

মানুষের মতো কথারও আয়ুষ্কাল আছে
কথারও মৃত্যু হয়।
কিছু কথা ঠোঁট থেকে পাতার মতো হঠাৎ খসে পড়ে
তারপর হাওয়ায় মিলিয়ে যায় শূন্যে,
কিছু কথা ঠোঁট থেকে মাটি লুটিয়ে পড়ে মরে যায়
কিছু কথার বুক থেকে মুখগহ্বরে এসে আটকে যায়
তীব্র শ্বাসকষ্টে মরে।
কিছু কথা অকালে মরে যায় বুকের অন্তরমহলে
কিছু কথা আড়ালে আবডালে ক্ষোভে অভিমানে
নির্লিপ্তভাবে আত্মহুতি দেয়; আত্মঘাতী হয়ে মরে।
জানেন তো, কথার আঘাতেও কথারা মরে!

মানুষ মরলে মানুষ শোক করে
আত্মার শান্তি কামনা করে,
কই কথার মৃত্যুতে তো কেউ ইন্নালিল্লাহ পড়ে না!

মাধবপুর, হবিগঞ্জ, ২৯ জানুয়ারি ২০২৪

হাসির ময়নাতদন্ত

যদি হাসির ময়নাতদন্ত হয়?

আমাদের চওড়া হাসির সুরতহাল রিপোর্ট কি আদৌ সত্য?

আমরা যা দেখি কিংবা দেখাই

সবটাই কি নিরেট সত্য?

এই যে আমাদের গৌরবময় অট্টহাসি

আমিত্বের অহংকারের সনদপত্র—মুচকি হাসি

কিংবা বাঁকা ঠোঁটের মিষ্টি হাসির উৎস যদি নিরূপণ করা হয়

হাসির ডিএনএ টেস্ট হয়?

নিশ্চিত থেকে রিপোর্টে লেখা থাকবে—‘সব ভোগাস!’

তোমার ঠোঁটের কোণের হাসির রহস্য উন্মোচন করতে

ডোমঘরে যদি ব্যবচ্ছেদ করা হয় তোমার হাসির শরীর,

অতঃপর ফরেনসিক রিপোর্টে লেখা থাকবে—‘সব মিথ্যে!’

মানুষ মাত্রই সুনিপুণ এক প্রবঞ্চক ।

পলাশ, নরসিংদী, ২২ মার্চ ২০২৪